বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম

পরিচিতি :

- **ভূমিকা :** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-পবম/ শা-২/বন(প্রাঃসঃ)- ২২/৯৮(৬)২৯৬ তাং – ২৪/০৬/২০০১ইং মূলে অনুমোদিত অর্গানোগ্রাম মোতাবেক বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম এর কার্যক্রম জুন/২০০২ইং তারিখ হতে শুরু হয়েছে। বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম এর সদর দপ্তর চট্টগ্রাম শহরস্থ বিএফআরআই ক্যাম্পাস, ষোলশহরে অবস্থিত। এ বন বিভাগের ব্যবস্থাপনায় রয়েছে বাঁশখালী ইকোপার্ক, চুনতি অভয়ারণ্যের চুনতি ও জলদী অভয়ারণ্য রেঞ্জ এবং শেখ মুজিব সাফারী পার্ক, ডুলহাজরা, চকরিয়া, চট্টগ্রাম।
- **প্রশাসনিক কাঠামো :** বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম এর সদর দপ্তর চট্টগ্রাম শহরস্থ বিএফআরআই ক্যাম্পাস, ষোলশহরে অবস্থিত। ১টি সাফারী পার্ক, ১টি ইকো-পার্ক, ২টি অভয়ারণ্য রেঞ্জ এবং ৭টি বীটের সমন্বয়ে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম গঠিত। উপ-বন সংরক্ষক পদমর্যাদাধারী বিভাগীয় বন কর্ম কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম এর প্রধান হিসেবে কর্মরত আছেন। তাকে সহায়তা করেন ২জন সহকারী বন সংরক্ষক। পার্ক/রেঞ্জের দায়িত্বে ফরেস্ট রেঞ্জার এবং বিটের দায়িত্বে ডেপুটি রেঞ্জার/ফরেস্টারগণ যথাক্রমে ভারপ্রাপ্ত কর্মকর্তা/রেঞ্জ কর্মকর্তা/বিট কর্মকর্তা হিসেবে নিয়োজিত আছেন।